

মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা

### প্রেস বিজ্ঞপ্তি

নং-২০২১/৩/১-১

### আগামী ০৪ থেকে ১০ এপ্রিল পর্যন্ত জাটকা সংরক্ষণ সপ্তাহ ২০২১ উদযাপন করা হবে

ঢাকা, ০১ মার্চ ২০২১ (সোমবার)

ইলিশ সম্পদ উন্নয়নে আগামী ০৪ থেকে ১০ এপ্রিল পর্যন্ত দেশের জাটকা সম্পৃক্ত জেলাসমূহে জাটকা সংরক্ষণ সপ্তাহ ২০২১ উদযাপন করা হবে। এ বছর জাটকা সংরক্ষণ সপ্তাহের শ্লোগান নির্ধারণ করা হয়েছে 'মুজিববর্ষে শপথ নেবো, জাটকা নয় ইলিশ খাবো'।

সোমবার (০১ মার্চ) রাজধানীর মৎস্য ভবনে মৎস্য অধিদপ্তরের সভা কক্ষে ইলিশ সম্পদ উন্নয়ন সংক্রান্ত জাতীয় টাঙ্কফোর্স কমিটির সভায় এসকল সিদ্ধান্ত নেয়া হয়।

মৎস্য ও প্রাণিসম্পদ সচিব রওনক মাহমুদের সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় মৎস্য অধিদপ্তরের মহাপরিচালক কাজী শামস আফরোজ, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব শ্যামল চন্দ্র কর্মকার, যুগ্মসচিব সুবোধ চন্দ্র ঢালী, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের আওতাধীন সংশ্লিষ্ট দপ্তরসমূহের উর্ধ্বতন কর্মকর্তা ও গবেষকবৃন্দ, মন্ত্রিপরিষদ বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, নৌপরিবহন মন্ত্রণালয়, সশস্ত্র বাহিনী বিভাগ, নৌ পুলিশ, বাংলাদেশ আনসার ও ভিডিপি, র‍্যাভ, বর্ডার গার্ড বাংলাদেশ, বাংলাদেশ নৌবাহিনী, বাংলাদেশ বিমান বাহিনী, বাংলাদেশ কোস্টগার্ড, বাংলাদেশ টেলিভিশন, বাংলাদেশ বেতার, পরিবহন মালিক সমিতি, লঞ্চ মালিক সমিতি, মৎস্যজীবী সমিতি, মৎস্যজীবী লীগসহ ইলিশ সম্পদ উন্নয়ন সংক্রান্ত জাতীয় টাঙ্কফোর্স কমিটির অন্যান্য সদস্যরা উপস্থিত ছিলেন।

সভায় মৎস্য ও প্রাণিসম্পদ সচিব বলেন, "গতবছর মা ইলিশ সংরক্ষণে সফল অভিযানের ফলে ৩৭ হাজার আটশ কোটি ইলিশের পোনা ইলিশ সম্পদে যুক্ত হয়েছে। ইলিশ উৎপাদন বাড়াতে জাটকা সংরক্ষণেও আমাদের সাফল্য নিয়ে আসতে হবে। সকলের সম্মিলিত উদ্যোগে আগামীতে ইলিশের উৎপাদন ৬ লক্ষ মেট্রিক টন হবে।" এসময় ইলিশ উৎপাদন বৃদ্ধির ক্ষেত্রে সংশ্লিষ্ট সকলকে নিজ নিজ জায়গা থেকে ভূমিকা রাখার অনুরোধ জানান মৎস্য ও প্রাণিসম্পদ সচিব।

সভার সিদ্ধান্ত অনুযায়ী, জাটকা সংরক্ষণ সপ্তাহ ২০২১-এর উদ্বোধন অনুষ্ঠান আগামী ০৫ এপ্রিল পটুয়াখালীতে অনুষ্ঠিত হবে। উদ্বোধন অনুষ্ঠান শেষে এদিন বর্গাচ্য নৌর্যালি অনুষ্ঠিত হবে। সপ্তাহের উদ্বোধনী দিনে (০৪ এপ্রিল) সংবাদ সম্মেলন অনুষ্ঠিত হবে এবং জাতীয় দৈনিকে ক্রোড়পত্র প্রকাশ করা হবে। এছাড়া জাটকা সংরক্ষণ সপ্তাহ উদযাপন উপলক্ষে জাটকা সংরক্ষণবিষয়ক ভিডিওচিত্র ও ডকুমেন্টারী প্রদর্শন, বেতার-টেলিভিশনে আলোচনা অনুষ্ঠান আয়োজন, ইলিশবিষয়ক কর্মশালা, সভা-সেমিনার আয়োজন, ঢাকা মহানগরের বিভিন্ন মৎস্য আড়ৎ, বাজার ও অবতরণ কেন্দ্রে বিশেষ অভিযান পরিচালনা করার ব্যাপারে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। জাটকা সংরক্ষণ কার্যক্রম সমন্বয়ের জন্য মৎস্য অধিদপ্তরে একটি কন্ট্রোল রুম খোলার ব্যাপারেও সভায় সিদ্ধান্ত গৃহীত হয়।

উল্লেখ্য, দেশের আপামর জনসাধারণের কাছে ইলিশ তথা মৎস্য সম্পদের উন্নয়নে অবৈধ জাল ব্যবহারের ক্ষতিকর দিক ও জাটকা রক্ষার গুরুত্ব তুলে ধরতে ২০০৭ সাল থেকে প্রতিবছর জাটকা সংরক্ষণ সপ্তাহ উদযাপন হয়ে আসছে।

স্বাক্ষরিত/-

মোঃ ইফতেখার হোসেন  
জনসংযোগ কর্মকর্তা  
মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়  
মোবাইলঃ ০১৭৭৫২২৫৬৯০।